



## রিমান্ড বাতিল করে আলোচিত জুলাই যোদ্ধা সুরভীর জামিন মঞ্জুর



সংগৃহীত ছবি

আলোচিত ‘জুলাইযোদ্ধা’ তাহরিমা জাম্মাত সুরভীর বিরুদ্ধে জারি করা রিমান্ড আদেশ বাতিল করে আদালত তার জামিন মঞ্জুর করেছেন। সোমবার (৫ জানুয়ারি) সন্ধ্যায় এ তথ্য জানানো হয়।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অফিশিয়াল ফেসবুক পেজে প্রকাশিত এক পোস্টে জানানো হয়, আদালতের আদেশে তাহরিমা সুরভী জামিন পেয়েছেন। পোস্টে তার মুক্তির বিষয়ে সন্তোষ প্রকাশ করা হয়।

এর আগে সোমবার সকালে গাজীপুর মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত তাকে দুই দিনের রিমান্ডে পাঠানোর নির্দেশ দেন। সকালে তাকে আদালতে হাজির করা হলে বিচারালয় প্রাঙ্গণে তার সমর্থকদের উপস্থিতি ও বিক্ষোভ দেখা যায়।

মামলার অভিযোগ অনুযায়ী, গুলশানের এক ব্যবসায়ীকে জুলাই আন্দোলনসংক্রান্ত হত্যা মামলায় জড়িয়ে দেওয়ার ভয় দেখিয়ে একটি সংঘবদ্ধ চক্র দীর্ঘ সময় ধরে অর্থ আদায় করে। ধাপে ধাপে প্রায় আড়াই কোটি টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ ওঠে। এ ঘটনায় চক্রের অন্যতম নেতৃত্বে থাকার অভিযোগে গত বুধবার (২৪ ডিসেম্বর) গভীর রাতে টঙ্গীর নিজ বাসা থেকে তাহরিমা জাম্মাত সুরভীকে গ্রেপ্তার করা হয়।

তদন্তে জানা যায়, গত বছরের জুলাই ও আগস্টের আন্দোলনের সময় গুলশান ও বাড্ডা এলাকায় সংঘটিত হত্যাকাণ্ডের মামলায় নাম অন্তর্ভুক্ত করার হুমকি দেওয়া হয়। গ্রেপ্তার, পুলিশি হয়রানি ও মামলার ভয় দেখিয়ে ‘সমঝোতা’ করে দেওয়ার আশ্বাসে বিপুল অঙ্কের টাকা দাবি করা হয় বলে অভিযোগ রয়েছে।

তাহরিমা জাম্মাত সুরভী গাজীপুরের ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের শিক্ষার্থী। সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল ভিডিও, বিতর্কিত ভূমিকা এবং নির্দিষ্ট ব্যক্তিকে লক্ষ্য করে করা লাইভের কারণে তিনি আলোচনায় আসেন।